সানুবাদ-

# বিবাহদর্পণঃ ।

[ গোত্র-প্রবরমালাসহ ]

কলিকাতা—৩০নং গোপীমোহনদত্ত-লেনস্থিত-

সংস্কৃতবিদ্যালয়াৎ

শ্রীকালীমোহন বিদ্যাভূষণেন

সম্পাদিতঃ প্রকাশিতশ্চ ।

বঙ্গাব্দাঃ—১৩২১ ।

মূল্যং সার্দ্ধমাণকদ্বয়ম্—৵১০

PRINTED BY MIHIR CHANDRA GHOSH,

At the "New Saraswati Press"

*25/A, Machuabazar Street, Calcutta*

# বিবাহদর্পণঃ।

## গোত্র-প্রবরমালা।

### গোত্রম্।

"গোত্রং" বংশপরম্পরা-প্রসিদ্ধম্ আদিপুরুষং ব্রাহ্মণ-রূপং, ক্ষত্রিয়বৈশ্যয়োরুপাদিষ্টাতিদিষ্ট-"গোত্রং", শূদ্রস্যাতিদিষ্টাতিদিষ্টং "গোত্রম্" ইত্যুদ্বাহতত্ত্বম্। ক্ষত্রিয-বৈশ্যশূদ্রাণামতিদিষ্টাতিদিষ্ট-"গোত্রপ্রবরম্"। অত এবৈতেষাং পুরোহিতগোত্রপ্রবরমিত্যর্থঃ। তথাচাগ্নিপুরাণে বর্ণশঙ্করোপাখ্যানে—'ক্ষত্রিযবৈশ্যশূদ্রাণাং গোত্রঞ্চ প্রবরাদিকম্। অথান্যবর্ণসঙ্করাণাং (?) যেষাং বিপ্রাঃ যাজকাঃ।' গোত্রাণি চ চতুর্ব্বিংশতিঃ, তথা চ মনুঃ—'শাণ্ডিল্যঃ কাশ্যপশ্চৈব বাৎস্যঃ সাবর্ণকস্তথা। ভরদ্বাজো-গৌতমশ্চ সৌকালীনস্তথাপরঃ॥ কল্কিযশ্চাগ্নিবেশ্যশ্চ কৃষ্ণাত্রেযবশিষ্ঠকৌ॥ বিশ্বামিত্রঃ কুশিকশ্চ কৌশিকশ্চ তথাপরঃ॥ ঘৃতকৌশিকমুদ্গল্যৌ আলম্ব্যানঃ [আলম্যানঃ] পরাশরঃ। সৌপাযনস্তথাত্রিশ্চ বাসুকীরোহিতস্তথা॥ বৈয়াঘ্রপদ্যকশ্চৈব জামদগ্ন্যস্তথাপরঃ। চতুর্ব্বিংশতিরেবৈগোত্রাঃ কথিতাঃ পূর্ব্বপণ্ডিতৈঃ॥' তথা চ মনুঃ—'জমদগ্নির্ভরদ্বাজো-বি ামিত্রাত্রিগৌতমাঃ। বশিষ্ঠকাশ্যপাগস্ত্যা মুনয়ো গোত্রকারিণঃ। এতেষাং যান্যপত্যানি তানি গোত্রাণি

মন্যতে ॥' এতদুপলক্ষণমন্যেষামপি দর্শনাৎ। তথা চ—'শৌকালীনকমৌদ্গল্যৌ পরাশরবৃহস্পতী। কাঞ্চনো বিষ্ণুকৌশিক্যৌ কাত্যায়নাত্রেয়কাণ্বকাঃ ॥ কৃষ্ণাত্রেয়ঃ সাঙ্কৃতিশ্চ কৌণ্ডিল্যো গর্গসংজ্ঞকঃ। আঙ্গিরস ইতি খ্যাতঃ অনাবৃকাখ্যসংজ্ঞিতঃ। অব্যজৈমিনিবৃদ্ধাখ্যাঃ শাণ্ডিল্যো বাৎস্য [ বৎস্য ] এব চ। সাবর্ণালম্ব্যান [ আলম্যান ] বৈয়াঘ্রপদ্যঃ ঘৃতকৌশিকঃ ॥ শক্তিঃ কাণ্বায়নশ্চৈব বাসুকী গৌতমস্তথা। শুনকঃ সৌপায়নশ্চ মুনয়ো গোত্রকারিণঃ। এতেষাং যান্যপত্যানি তানি গোত্রাণি মন্যতে ॥ সর্ব্বে দ্বিচত্বারিংশদ্‌গোত্রাঃ'' ইতি কুলদীপিকা-ধৃতধনঞ্জয়কৃতধর্ম্মপ্রদীপে ॥ ১ ॥

অনুবাদ। 'গোত্র' বলিতে বংশপরম্পরা-প্রসিদ্ধ আদি পুরুষ ব্রাহ্মণকে বুঝায়। যদিও ক্ষত্রিয়, বৈশ্য এবং শূদ্রের স্বীয় স্বীয় গোত্র না থাকুক, তথাপি তাঁহারা পুরোহিত-গোত্রপ্রবরভাগী হইবেন। মনু বলিয়াছেন—'শাণ্ডিল্যাদি চতুর্ব্বিংশতি প্রকার গোত্র। যথা—শাণ্ডিল্য, কাশ্যপ, বাৎস্য, [ বৎস্য ] সাবর্ণ, ভরদ্বাজ, গৌতম, সৌকালীন, কল্কিষ, অগ্নিবেশ্য, কৃষ্ণাত্রেয়, বশিষ্ঠ, বিশ্বামিত্র, কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক, মৌদ্গল্য, আলম্যান, পরাশর, সৌপায়ন, অত্রি, বাসুকী, রোহিত, বৈয়াঘ্রপদ্য, জামদগ্ন্য, অগস্ত্য, এই সকল মুনিগণ 'গোত্র' কারক, ইঁহাদের অপত্যগণকে গোত্র বলিয়া জানিবে। এই কয়টি উপলক্ষণ মাত্র। ইহা ভিন্ন অন্য 'গোত্র'ও আছে। যথা—

বৃহস্পতি, কাঞ্চন, বিষ্ণু, কাত্যায়ন, আত্রেয়, কাণ্বক, সাঙ্কৃতি,

কৌণ্ডিল্য, গর্গ, আঙ্গিরস, অনাবৃকাথ্য, অব্য, জৈমিনি, বৃদ্ধার্থী, শক্তি, কাত্যায়ন, শুনক, সোপায়ন, রথিতর ইত্যাদি॥

# প্রবরঃ।

প্রবরস্তু গোত্রপ্রবর্ত্তকমুনিব্যাবর্ত্তকো মুনিগণঃ। তথা চ—জমদগ্নিগোত্রস্য প্রবরাঃ জমদগ্নৌর্ব্ববশিষ্ঠাঃ। ভরদ্বাজগোত্রস্য ভরদ্বাজাঙ্গিরসবার্হস্পত্যাঃ। বিশ্বামিত্রগোত্রস্য বিশ্বামিত্রমরীচিকৌষিকাঃ। অত্রিগোত্রস্য অত্র্যাত্রেয়শাতাতপাঃ। গোতমগোত্রস্য গোতমবশিষ্ঠবার্হস্পত্যাঃ। বশিষ্ঠগোত্রস্য বাশিষ্ঠঃ। কেষাঞ্চিৎ বশিষ্ঠাত্রিসাঙ্কৃতয়ঃ। কাশ্যপগোত্রস্য কাশ্যপাপ্সারনৈধ্রুবাঃ। অগস্ত্যগোত্রস্য অগস্তিদধীচিজৈমিনয়ঃ। সৌকালীনগোত্রস্য সৌকালীনাঙ্গিরসবার্হস্পত্যাপ্সারনৈধ্রুবাঃ। মৌদ্গল্যগোত্রস্য ঔর্ব্বচ্যবনভার্গবজামদগ্ন্যাপ্লুবতঃ। পরাশরগোত্রস্য পরাশরশক্তিবশিষ্ঠাঃ। বৃহস্পতিগোত্রস্য বৃহস্পতিকপিলপার্ব্বণাঃ। কাঞ্চনগোত্রস্য অশ্বত্থদেবলদেবরাজাঃ। বিষ্ণুগোত্রস্য বিষ্ণুবৃদ্ধিকৌরবাঃ। [কুশিকগোত্রস্য কুশিকওদলদেবরাজাঃ।] কৌশিকগোত্রস্য কৌশিকাত্রিজমদগ্নয়ঃ। কাত্যায়নগোত্রস্য অত্রিভৃগুবশিষ্ঠাঃ। আত্রেয়গোত্রস্য আত্রেয়শাতাতপসাংখ্যাঃ। কাণ্বগোত্রস্য কাণ্বাশ্বথদেবলাঃ। কৃষ্ণাত্রেয়গোত্রস্য কৃষ্ণাত্রেয়াত্রেয়াবাসাঃ। সাঙ্কৃতিগোত্রস্য অব্যাহারাত্রিসাঙ্কৃতয়ঃ। কৌণ্ডিল্যগোত্রস্য কৌণ্ডিল্য-

স্তিমিককৌৎস্যাঃ। গর্গগোত্রস্য গার্গ্যকৌস্তুভমাণ্ডব্যাঃ। আঙ্গিরসগোত্রস্য আঙ্গিরসবশিষ্ঠবার্হস্পত্যাঃ। অন্বীকাখ্য-গোত্রস্য গার্গ্যগৌতমবশিষ্ঠাঃ। অব্যগোত্রস্য অব্যবলিসার-স্বতাঃ। জৈমিনিগোত্রস্য জৈমিন্যুতথ্যসাঙ্কৃতয়ঃ। বৃদ্ধি (দ্ধ) গোত্রস্য কুরুবৃদ্ধাঙ্গিরোবার্হস্পত্যাঃ। শাণ্ডিল্যগোত্রস্য শাণ্ডিল্যাসিতদেবলাঃ। বাৎস্য [বৎস্য] গোত্র-সাবর্ণ-গোত্রয়োঃ ঔর্ব্বচ্যবনভার্গবজামদগ্ন্যাপ্নুবতঃ। আলম্ব্যান-গোত্রস্য আলম্ব্যানশালঙ্কায়নশাকটায়নাঃ। বৈয়াঘ্রপদ্য-গোত্রস্য সাঙ্কৃতিঃ। ঘৃতকৌশিকগোত্রস্য কুশিককৌশিক-ঘৃতকৌশিকাঃ। কেষাঞ্চিৎ কুশিককৌশিকবন্ধুলাঃ। শক্তি-গোত্রস্য শক্তিপরাশরবশিষ্ঠাঃ। কাণ্বায়নগোত্রস্য কাণ্বায়-নাঙ্গিরসবার্হস্পত্যভরদ্বাজাজমীঢ়াঃ। বাসুকিগোত্রস্য অক্ষোভ্যানন্তবাসুকয়ঃ। গৌতমগোত্রস্য গৌতমাপ্সারাঙ্গি-রসবার্হস্পত্যনৈধ্রুবাঃ। কেষাঞ্চিৎ গৌতমাঙ্গিরসাবাসাঃ। শুনক (শৌনক) গোত্রস্য শুনক[শৌনক]শৌনিহোত্র-গৃৎসমদাঃ। সৌপায়নগোত্রস্য ঔর্ব্বচ্যবনভার্গবজামদগ্ন্যাপ্নু-বতঃ। রথিতরগোত্রস্য রথিতরাঙ্গিরসবার্হস্পত্যাঃ। ইতি ধনঞ্জয়কৃতধর্ম্মপ্রদীপে গোত্রপ্রবরবিবেকঃ॥ ২॥

অনুবাদ। গোত্রপ্রবর্ত্তক মুনির ভেদবুদ্ধিজনক মুনিগণই প্রবররূপে প্রসিদ্ধ।

জমদগ্নিগোত্রের প্রবর জমদগ্নি, ঔর্ব্ব, বশিষ্ঠ। ৩। এইরূপ

ভরদ্বাজগোত্রের প্রবরভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য। ৩। বশিষ্ঠগোত্র—বাশিষ্ঠ। ১। কেহ কেহ বশিষ্ঠগোত্রের—বশিষ্ঠ, অত্রি, সাঙ্কৃতি এই তিন প্রবর বলেন। কাশ্যপগোত্র—কাশ্যপ, অপ্সার, নৈধ্রুব। ৩। অগস্ত্যগোত্র—অগস্তি, দধিচি, জৈমিনি। ৩। সৌকালিনগোত্র—সৌকালিন, আঙ্গিরস, বার্হস্পত্য, অপ্সার, নৈধ্রুব। ৫। মৌদ্গল্যগোত্র—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্নি, আপ্নুবৎ। ৫। পরাশরগোত্র—পরাশর, শক্তি, বশিষ্ঠ। ৩। বৃহস্পতিগোত্র—বৃহস্পতি, কপিল, পার্ব্বণ। ৩। কাঞ্চনগোত্র—অশ্বথ, দেবল, দেবরাজ। ৩। বিষ্ণুগোত্র—বিষ্ণু, বৃদ্ধি, কৌরব। ৩। কুশিকগোত্র—কুশিক, ওদল, দেবরাজ। ৩। কৌশিকগোত্র—কৌশিক, অত্রি, জমদগ্নি। ৩। কাত্যায়ণগোত্র—অত্রি, ভৃগু, বশিষ্ঠ। ৩। আত্রেয়গোত্র—আত্রেয়, শাতাতপ, সাংখ্য। ৩। কাণ্বগোত্র—কাণ্ব, অশ্বথ, দেবল। ৩। কৃষ্ণাত্রেয়গোত্র—কৃষ্ণাত্রেয়, আত্রেয়, আবাস। ৩। সাঙ্কৃতিগোত্র—অব্য, আহাব, অত্রি—সাঙ্কৃতি। ৪। কৌণ্ডিন্যগোত্র—কৌণ্ডিল্য, স্তিমিক, কৌৎস। ৩। গর্গগোত্র—গার্গ্য, কৌস্তভ, মাণ্ডব্য। ৩। আঙ্গিরসগোত্র—আঙ্গিরস, বশিষ্ঠ, বার্হস্পত্য। ৩। অনাবৃকাক্ষগোত্র—গার্গ্য, গৌতম, বশিষ্ঠ। ৩। অব্যগোত্র—অব্য, বলি, সারস্বত। ৩। জৈমিনিগোত্র—জৈমিনি, উতথ্য, সাঙ্কৃতি। ৩। বৃদ্ধিগোত্র—কুরু, বৃদ্ধ, অঙ্গির, বার্হস্পত্য। ৪। শাণ্ডিল্যগোত্র—শাণ্ডিল্য, আসিত, দেবল। ৩। বাৎস্য, [বৎস] সাবর্ণগোত্র—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্নি, আপ্নুবৎ। ৫। আলম্যানগোত্র—আলম্যান, শালঙ্কায়ন, [শাট্টায়ন] শাকটায়ন। ৩। বৈয়াঘ্রপদ্যগোত্র—সাঙ্কৃতি। ১। ঘৃতকৌশিকগোত্র—কুশিক, কৌশিক, ঘৃতকৌশিক। ৩।

কেহ কেহ বলেন কুশিক, কৌশিক, বন্ধুল।৩। শক্তিগোত্র—শক্তি, পরাশর, বশিষ্ঠ। ৩। কাণ্বায়নগোত্র——কাণ্বায়ন, আঙ্গিরস, বার্হস্পত্য, ভরদ্বাজ, আজমীঢ়। ৫। বাসুকিগোত্র—অক্ষোভ্য, অনন্ত, বাসুকি। ৩। গৌতমগোত্র—গৌতম, অপ্সার, আঙ্গিরস, বার্হস্পত্য, নৈধ্রুব। ৫। কেহ বলেন গৌতম, আঙ্গিরস, আবাস। ৩। শুনকগোত্র—শুনক, [ শৌনক ] শৌনিহোত্র, গৃৎসমদ। ৩। সৌপায়নগোত্র—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্নি, আপ্নুবৎ। ৫। রথিতরগোত্র—রথিতর, আঙ্গিরস, বার্হস্পত্য। ৩। প্রবরের পরস্থিত অঙ্কানুসারে প্রবরের সংখ্যা বুঝিয়া লইতে হইবে।

ইতি গোত্রপ্রবরমালা ॥ ২ ॥

# সম্বন্ধ-বিচারঃ।

অসপিণ্ডা চ যা মাতুরসগোত্রা চ যা পিতুঃ।
সা প্রশস্তা দ্বিজাতীনাং দারকর্ম্মণি মৈথুনে ॥ ১ ॥

মাতামহসগোত্রা ও সপিণ্ডা ভিন্ন কন্যা, এবং পিতৃসগোত্রা ও সপিণ্ডা ভিন্ন কন্যা দ্বিজাতিগণের বিবাহযোগ্যা।১।

লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ।
পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্ত-পৌরুষম্ ॥ ২ ॥

বৃদ্ধপ্রপিতামহ, অতিবৃদ্ধপ্রপিতামহ ও অত্যতিবৃদ্ধ প্রপিতামহ এই তিনপুরুষ পিণ্ডভাগী। অতিবৃদ্ধ প্রপিতামহের অধস্তন সপ্তম-পুরুষ পিণ্ডদাতা; এই সপ্তমপুরুষের মধ্যে পরস্পর সকলের সহিতই সপিণ্ডত্ব আছে।২।

সগোত্রাং মাতুরপ্যেকে নেচ্ছন্ত্যুদ্বাহকর্ম্মণি ॥ ৩॥

মাতৃ-সগোত্রকে (মাতামহগোত্রে) ও কেহ বিবাহ করে না ।৩।

সপ্তমীং পিতৃপক্ষাচ্চ মাতৃপক্ষাচ্চ পঞ্চমীম্।
উদ্বহেত দ্বিজো ভার্য্যাং ন্যায়েন বিধিনা নৃপ ॥ ৪ ॥

হে নৃপ! পিতা ও পিতৃবন্ধু হইতে সপ্তমী, মাতামহ ও মাতৃবন্ধু হইতে পঞ্চমী কন্যা পর্য্যন্ত ত্যাগ করিয়া বিবাহ করিবে। এই স্থানে মাতৃপদে মাতামহকে জানিবে।৪।

আসপ্তমাৎ পঞ্চমাচ্চ বন্ধুভ্যঃ পিতৃমাতৃতঃ।
অবিবাহ্যা সগোত্রা চ সমানপ্রবরা তথা ॥
পঞ্চমে সপ্তমে বাপি যেষাং বৈবাহিকীক্রিয়া।
তে চ সন্তানিনঃ সর্ব্বে পতিতাঃ শূদ্রতাং গতাঃ ॥৫॥

পিতৃবন্ধু হইতে সপ্তমী, মাতৃবন্ধু হইতে পঞ্চমী কন্যা এবং সগোত্রা, সমানপ্রবরা কন্যা অবিবাহ্যা। সপ্তমী কিম্বা পঞ্চমীর মধ্যে বিবাহ করিয়া সন্তান উৎপাদন করিলে ঐ সন্তান এবং সে ব্যক্তি উভয়এরই পতিত শূদ্রত্ব হয়।৫।

পিতুঃ পিতুঃ স্বসুঃ পুত্রাঃ পিতুর্ম্মাতুঃ স্বসুঃ সুতাঃ।
পিতুর্ম্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ ॥ ৬ ॥

পিতার পিতৃভগিনীপুত্র, মাতামহীভগিনীপুত্র, পিতার মাতুল পুত্র—ইহাদিগকে পিতৃবান্ধব বলে।৬।

মাতুর্ম্মাতুঃ স্বসুঃ পুত্রাঃ মাতুঃ পিতুঃ স্বসুঃ সুতাঃ।
মাতুর্ম্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবাঃ ॥ ৭ ॥

মাতার মাতৃভগিনীপুত্র, মাতার পিতৃভগিনীপুত্র, মাতার মাতুলপুত্র, ইহাদিগকে মাতৃবান্ধব বলে।৭।

সর্ব্বাঃ পিতৃপত্ন্যোমাতরস্তদ্ভ্রাতরো মাতুলাস্তদ্দুহিতরো
ভগিন্যস্তদপত্যানি ভাগিনেয়ানি তাশ্চাবিবাহ্যাঃ।
অন্যথা সঙ্করকারিণ্যস্তথাধ্যাপয়িতুরেতদেবেতি ॥ ৮ ॥

পিতার সকল পত্নীই মাতা, তাহাদের ভ্রাতৃগণ মাতুল, ঐ মাতুলের কন্যা ভগিনী এবং তাহাদের কন্যা ভাগিনেয়ী হয়, উহাদিগকে বিবাহ করিতে নাই। ঐ কন্যা বিবাহ করিলে সঙ্করীকরণ পাপ জন্মে। অধ্যাপকের কন্যাকে বিবাহ করিলেও ঐরূপ পাপ হয়। ৮।

সমুদ্রযাত্রাস্বীকারঃ কমণ্ডলুবিধারণম্।
দ্বিজানামসবর্ণাসু কন্যাসূপযমস্তথা ॥
দেবরেণ সুতোৎপত্তির্মধুপর্কে পশোর্ব্বধঃ।
মাংসাদনং তথা শ্রাদ্ধে বাণপ্রস্থাশ্রমস্তথা ॥
দত্তায়াশ্চৈব কন্যায়াঃ পুনর্দ্দানং বরস্য চ।
দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং নরমেধাশ্বমেধকৌ ॥
মহাপ্রস্থানগমনং গোমেধঞ্চ তথামখম্।
ইমান্ ধর্ম্মান্ কলিযুগে বর্জ্জ্যানাহুর্ম্মনীষিণঃ ॥ ৯ ॥

সমুদ্রযাত্রা, কমণ্ডলু (গৃহস্থের) ধারণ, দ্বিজাতির অসবর্ণবিবাহ, দেবর কর্ত্তৃক (নিয়োগ দ্বারা) পুত্রোৎপাদন, অতিথির নিমিত্ত গোবধ, মাংস (গোমহিষাদি) ভোজন, মাংস দ্বারা শ্রাদ্ধকরণ, বাণপ্রস্থাশ্রম-গ্রহণ, দত্তা কন্যার পুনর্ব্বিবাহ, দীর্ঘকাল (১২

বৎসর) ব্রহ্মচর্য্য, নরমেধ ও অশ্বমেধ যজ্ঞ, মরণ উদ্দেশ্যে (হিমালয়াদিতে) গমন, গোমেধ যজ্ঞ এই সকল ধর্ম্ম কলিযুগে পণ্ডিতগণ বর্জ্জন করিয়াছেন।৯।

সমানপ্রবরা বাপি শিষ্যসন্ততিরেব চ।
ব্রহ্মদাতুর্গুরোশ্চৈব সন্ততিঃ প্রতিষিধ্যতে ॥ ১০ ॥

সমানপ্রবরা কন্যা, শিষ্যসন্ততি, গায়ত্রীদাতা গুরুর সন্ততি বিবাহ করিতে নাই।১০।

অসম্বন্ধা ভবেদ্ যা তু পিণ্ডেনৈবোদকেন বা।
সা বিবাহ্যা দ্বিজাতীনাং ত্রিগোত্রান্তরিতা চ যা ॥১১॥

যে কন্যার সহিত পিণ্ড ও উদকের কোন সম্বন্ধ নাই দ্বিজাতিগণ সেই কন্যা বিবাহ করিবেন। আর (অবিবাহ্যা কন্যা) ত্রিগোত্রান্তরিতা হইলেও বিবাহ করিতে পারিবেন।১১।

মাতুর্যন্নাম গুহ্যং স্যাৎ সুপ্রসিদ্ধমথাপি বা।
তন্নাম্নী যা ভবেৎ কন্যা মাতৃনাম্নীং প্রচক্ষতে ॥
প্রমাদাদ্ যদি গৃহ্নীয়াৎ প্রায়শ্চিত্তং সমাচরেৎ।
ততশ্চান্দ্রায়ণং কৃত্বা তাং কন্যাং পরিবর্জ্জয়েৎ ॥ ১২ ॥

মাতার গুপ্ত নাম কিম্বা প্রসিদ্ধ নাম যাহা আছে, সেই নাম্নী কন্যাকে মাতৃনাম্নী কন্যা বলে, তাঁহাকে না জানিয়া বিবাহ করিলেও চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত করিয়া উক্ত কন্যাকে ত্যাগ করিবে।১২।

মাতৃনাম্নী যদা কন্যা বিবাহে কুলজা হি সা।
বিপ্রৈর্নামান্তরং কার্য্যং তস্যাঃ পিত্রোরনুজ্ঞয়া ॥ ১৩ ॥

মাতৃনাম্না কন্যা বিবাহ করিলে সেই স্ত্রী কুলক্ষয়কারিণী হয়, অতএব, কন্যার পিতার অনুমতিক্রমে ব্রাহ্মণ দ্বারা নামান্তরিত করিয়া বিবাহ করিতে পারে।১৪।

ত্রিবিবাহং কৃতং যেন ন করোতি চতুর্থকম্।
কুলানি পাতয়েৎ সপ্ত ভ্রূণহত্যা-ব্রতং চরেৎ ॥ ১৪ ॥

যে ব্যক্তি তিনটি বিবাহ করিয়া চতুর্থ বিবাহ না করে, তাহার সাত কুল পর্য্যন্ত নরক ভোগ করিয়া থাকে, তাহার ভ্রূণহত্যার প্রায়শ্চিত্ত করিতে হয়।১৪।

একোদরপ্রসূতানামেকস্মিন্নপি বাসরে।
বিবাহো নৈব কর্ত্তব্যো গর্গস্য বচনং যথা ॥ ১৫ ॥

একগর্ভজাত ব্যক্তিগণের একদিবসে বিবাহ করা অকর্ত্তব্য।১৫।

একস্মিন্ দিবসে চৈব সোদরাণাং তথৈব চ।
পুনর্বৈবাহিকং বর্জ্জ্যং কন্যাদানদ্বয়ং তথা ॥ ১৬ ॥

একদিবসে সহোদরগণের বিবাহ নিষিদ্ধ। এবং এক গর্ভজাত কন্যাদ্বয় দান করাও নিষিদ্ধ।১৬।

## কন্যালক্ষণম্।

ধর্ম্মার্থকামমোক্ষাণাং দারাঃ সংপ্রাপ্তিহেতবঃ।
পরীক্ষ্যন্তে প্রযত্নেন পূর্ব্বমেব করগ্রহাৎ ॥ ১ ॥

সহধর্ম্মিণী ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গের মূলীভূতা, সুতরাং বিবাহের অগ্রে ভাবি পত্নীর লক্ষণালক্ষণ দেখা কর্ত্তব্য। ১

অব্যঙ্গাঙ্গীং সৌম্যনাম্নীং হংসবারণগামিনীম্।
তনুলোমকেশদশনাং মৃদ্বঙ্গীমুদ্বহেৎ স্ত্রিয়ম্ ॥ ২ ॥

অবিকলাঙ্গী, শুভনামিকা, হংস ও হস্তী সদৃশ গতিবিশিষ্টা এবং লোম, কেশ ও দন্ত যাহার অতিশয় হ্রস্ব, তাদৃশী কোমলাঙ্গী কন্যা বিবাহের যোগ্যা। ২।

হংসস্বনাং মেঘবর্ণাং মধুপিঙ্গললোচনাম্।
তাদৃশীং বরয়েৎ কন্যাং গৃহস্থঃ সুখমেধতে ॥ ৩ ॥

যাহার স্বর হংসের কণ্ঠধ্বনিসদৃশ, বর্ণ মেঘের ন্যায় ও নয়ন মধুপিঙ্গল, তাদৃশী কন্যাকে গৃহস্থ বিবাহ করিবে। ৩।

নোদ্বহেৎ কপিলাং কন্যাং নাধিকাঙ্গীং ন রোগিণীম্।
নালোমিকাং নাতিলোম্নীং ন বাচালাং ন পিঙ্গলাম্॥
নক্ষবৃক্ষনদীনাম্নীং নান্ত্যপর্ব্বতনামিকাম্।
ন পক্ষ্যহি-প্রৈষ্যনাম্নীং ন চ ভীষণনামিকাম্॥ ৪ ॥

কপিলবর্ণা, অধিকাঙ্গী, রোগিণী, লোমশূন্যা, অধিক লোম বিশিষ্টা, বাচালা, পিঙ্গলবর্ণা এবং নক্ষত্র, বৃক্ষ, নদী, অন্ত্যজ, পর্ব্বত, পক্ষী, সর্প, দূতী ও ভীষণনামিকা কন্যা বিবাহের অযোগ্যা। ৪।

গঙ্গা চ যমুনা চৈব গোমতী চ সরস্বতী।
নদীশ্বাসাং নাম বৃক্ষে মালতী তুলসী অপি।
রেবতী চাশ্বিনী ভেষু রোহিণী শুভদা ভবেৎ॥ ৫ ॥

নদীর মধ্যে গঙ্গা, যমুনা, গোমতি, বৃক্ষের মধ্যে মালতী, তুলসী এবং নক্ষত্রের মধ্যে রেবতী, অশ্বিনী ও রোহিণী নামিকা কন্যা বিবাহে শুভদাত্রী হয়। ৫।

# বিবাহকাল-নির্ণয়ঃ।

অষ্টবর্ষা ভবেদ্ গৌরী নববর্ষা চ রোহিণী।
দশমে কন্যকা প্রোক্তা অত ঊর্দ্ধং রজস্বলা॥
তস্মাৎ সংবৎসরে প্রাপ্তে দশমে কন্যকা বুধৈঃ।
প্রদাতব্যা প্রযত্নেন ন দোষঃ কালদোষজঃ॥ ১॥

অষ্টমবর্ষীয়া কন্যা গৌরী, নবমবর্ষীয়া রোহিণী, দশমবর্ষীয়া-কন্যা কন্যানামে অভিহিতা হয়। দশমবর্ষ অতীত হইলেই কন্যার রজস্বলা সংজ্ঞা হয়, অতএব দশম বর্ষের মধ্যেই কন্যাদান কর্ত্তব্য, ইহাতে কালদোষ গ্রাহ্য হইবে না।১।

অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মে চ বিধবা ভবেৎ।
তস্মাদ্গর্ভান্বিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা॥
মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে যুগ্মে তু মাসত্রয়মেব যাবৎ।
বিবাহশুদ্ধিং প্রবদন্তি নার্য্যা বাৎস্যাদয়ো জ্যোতিষি জন্মমাসাৎ॥ ২॥

যুগ্মবর্ষে বিবাহে কন্যা বিধবা ও অযুগ্মে দুর্ভগা হয়। অতএব গর্ভ হইতে গণনা করিয়া যুগ্মবর্ষে বিবাহ দিলে কন্যা পতিব্রতা হইয়া থাকে। জন্মমাসাবধি গণনায় অযুগ্মবর্ষে তিনমাসের পর ও যুগ্মবর্ষে তিন মাস পর্য্যন্ত গর্ভান্বিত যুগ্ম। এই সময়ে বিবাহ দিলে কন্যা সাধ্বী ও পুত্রবতী হয়। অর্থাৎ ছয়বৎসর তিন মাসের পর সাত বৎসর তিন মাস পর্য্যন্ত ও আটবৎসর তিন মাসের পর নয় বৎসর তিন মাস পর্য্যন্ত বিবাহের প্রশস্ত কাল।

# বিবাহ-বাসরব্যবস্থা।

গুরুশুক্রবুধেন্দূনাং দিনেষু সুভগা ভবেৎ।
সূর্য্যার্কিভূমিপুত্রাণাং দিনেষু কুলটা ভবেৎ ॥
ন বারদোষাঃ প্রভবন্তি রাত্রৌ বিশেষতোঽর্কাবনি-
ভূশনীনাম্ ॥ ১ ॥

সোম, বুধ, বৃহস্পতি, শুক্র এই চারি বারে বিবাহ হইলে কন্যা সৌভাগ্যশালিনী হয় এবং রবি, মঙ্গল ও শনিবারে বিবাহ হইলে কন্যা কুলটা হইয়া থাকে। রাত্রিতে বারদোষের প্রাবল্য থাকে না, বিশেষতঃ রবি, মঙ্গল ও শনিবারে বার দোষ নাই। ১

## তিথিনিয়মঃ।

অমায়াঞ্চৈব রিক্তায়াং করণে বিষ্টিসংজ্ঞকে।
যঃ করোতি বিবাহং স শীঘ্রং যাতি যমালয়ম্ ॥
শনৈশ্চরদিনে চৈব যদি রিক্তা তিথির্ভবেৎ।
তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী ॥ ২ ॥

অমাবস্যা, বিষ্টিভদ্রা ও রিক্তা তিথিতে বিবাহ হইলে সত্বর যমালয়প্রাপ্তি হয়। কিন্তু শনিবারে রিক্তা হইলে সেই তিথিতে বিবাহিতা কন্যা পতিপুত্রবর্দ্ধিনী হইয়া থাকে। ২।

## নক্ষত্রকথনম্।

রেবত্যুত্তররোহিণীমৃগশিরোমূলানুরাধামঘা-
হস্তাস্বাতিষু তৌলিষষ্ঠমিথুনেষূদ্যৎসু পাণিগ্রহঃ ॥

কুমার্য্যাঃ পাণিং গ্রহ্নীয়াৎ ত্রিষু ত্রিষূত্তরাদিষু।
স্বাতৌ মৃগশিরসি রোহিণ্যাং বা ইতি পারস্করোক্তম ॥
(চিত্রাশ্রবণাধনিষ্ঠাশ্বিনীনক্ষত্রং যজুর্ব্বেদিবিষয়ম্
আপদ্বিষয়ং বা।) ॥ ৩ ॥

রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, মূলা, অনুরাধা, মঘা, হস্তা ও স্বাতী এই সকল নক্ষত্রে এবং মিথুন, কন্যা ও তুলা লগ্নে বিবাহ সুপ্রশস্ত। চিত্রা, শ্রবণা, ধনিষ্ঠা ও অশ্বিনীনক্ষত্র আপদ্বিষয়ে ও যজুর্ব্বেদি-বিবাহে বিহিত। ৩

গণ্ডপাদবর্জ্জনম্।

আদ্যে মঘাচতুর্ভাগে নৈধৌত্যাদ্য এব চ।
রেবত্যন্তচতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ ॥
যজুর্ব্বেদিবিবাহে গণ্ডপাদত্বেন অশ্বিন্যা আদ্য-
পাদোঽপি বর্জ্জনীয়ঃ ॥ ৪ ॥

মঘা ও মূলানক্ষত্রের আদ্য পাদ এবং রেবতী নক্ষত্রের চতুর্থ পাদ পরিত্যাগ করিয়া বিবাহ দিবে কারণ ইহাতে বিবাহ হইলে প্রাণনাশ হয়। যজুর্ব্বেদিবিবাহে অশ্বিনীর প্রথম পাদও বর্জ্জনীয়। ৪

যোগনিষেধকথনম্।

বৈধৃতৌ চ ব্যতীপাতে পরিঘে স্বামিঘাতিনী।
বৈধৃতৌ বিধবা নারী বিষদাহোঽতিগণ্ডকে ॥
ব্যাঘাতে ব্যাধিসংঘাতঃ শোকার্ত্তা হর্ষণে তথা।
শূলে চ ব্রণশূলং স্যাৎ গণ্ডে রোগভয়ন্তথা ॥

বিষ্কুম্ভেহপ্যহিদংশঃ স্যাদ্বজ্রকে মরণম্ ভবেৎ।
এতে বৈ দারুণাঃ সর্ব্বে দশযোগাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৫ ॥

ব্যতীপাতযোগে বিবাহ হইলে কুলচ্ছেদ, পরিঘযোগে কন্যা স্বামিঘাতিনী, বৈধৃতিযোগে বিধবা, অতিগণ্ডযোগে বিষদগ্ধা, ব্যাঘাতযোগে ব্যাধি, হর্ষণযোগে শোকার্ত্তা, শূলযোগে শূলরোগ ও ব্রণ, গণ্ডযোগে রোগভয়, বিষ্কুম্ভযোগে সর্পদংশন, এবং বজ্রযোগে মরণ হয়। অতএব এই সকল যোগ ভিন্ন অন্য যোগে বিবাহ প্রশস্ত।

## মাসফলম্।

আষাঢ়ে ধনধান্যভোগরহিতা নষ্টপ্রজা শ্রাবণে
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণং রোগান্বিতা কার্ত্তিকে।
পৌষে প্রেতবতী বিয়োগবহুলা চৈত্রে মদোন্মাদিনী
অন্যেষ্বেব বিবাহিতা পতিরতা নারী সমৃদ্ধা ভবেৎ ॥ ৬

আষাঢ় মাসে বিবাহ হইলে কন্যা ধনধান্যাদিভোগরহিতা হয়, শ্রাবণ মাসে মৃতবৎসা, ভাদ্রমাসে বেশ্যা, আশ্বিনমাসে মৃতা, কার্ত্তিক মাসে রোগযুক্তা, পৌষমাসে মৃতবৎসা ও দীর্ঘকাল স্বামিবিরহিণী এবং চৈত্রমাসে বিবাহে কন্যা মদোন্মত্তা হয়, তদ্ভিন্ন মাসে বিবাহ হইলে কন্যা পতিব্রতা ও ঐশ্বর্য্যযুক্তা হইয়া থাকে।

## গণকথনম্।

হস্তা স্বাতি মৃগাশ্বিনী হরিগুরু পৌষ্ণানুরাধাদিতি-
শ্চার্দ্রা রোহিণী রোত্তরাণি ভরণী পূর্ব্বাণি ভানি ত্রয়ম্।
জ্যেষ্ঠাশ্লেষবিশাখমূলবরুণাবস্বগ্নিচিত্রামঘাঃ
কথ্যন্তে মুনিভির্যথাক্রমবশাদ্দেবা নরা রাক্ষসাঃ ॥ ৭ ॥

হস্তা, স্বাতী, মৃগশিরা, অশ্বিনী, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধা ও পুনর্ব্বসু নক্ষত্রে জন্ম হইলে দেবগণ। আর্দ্রা, রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, ভরণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে নরগণ ; জ্যেষ্ঠা, অশ্লেষা, বিশাখা, মূলা, শতভিষা, ধনিষ্ঠা, কৃত্তিকা, চিত্রা ও মঘা নক্ষত্রে রাক্ষসগণ হয়, মুনিগণ এইরূপ কহিয়াছেন।

## সাঙ্কেতিক-গণনির্ণয়কথনম্।

দ মা রা ম দ মা দিন্দু রা রা ম ম দ রা দ রাঃ।
ন্ন্বরে রাম ম দা রা রি মা ম দা গণসূচকাঃ ॥ ৮ ॥

অশ্বিন্যাদি নক্ষত্রে যথাক্রমে দেবাদিগণ হইবে। দ—দেব,—
—মানুষ রা—রাক্ষস। ৮

## গণমিলনম্।

স্বজাতৌ পরমা প্রীতির্মধ্যমা দেবমানুষে।
দেবাসুরে বিরোধশ্চ মৃত্যুর্ম্মানুষরাক্ষসে ॥ ৯ ॥

স্ব স্ব জাতিতে বিবাহ হইলে পরম প্রীতি, দেবগণে ও নরগণে মধ্যম, দেবগণে রাক্ষসগণে বিরোধ, নরগণ ও রাক্ষসগণে বিবাহ হইলে মৃত্যু হয়। ৯

## রাজযোটককথনম্।

একরাশৌ চ দম্পত্যোঃ শুভং স্যাৎ সমসপ্তকে।
চতুর্থে দশমে চৈব তৃতীয়ৈকাদশে তথা ॥১০॥

বর ও কন্যার একরাশি বা সমসপ্তম হইলে রাজযোটক হয়। কুল

ও বৃশ্চিক, কর্কট ও মকর, কন্যা ও মীন, বর ও কন্যার পরস্পর রাশি হইলে তাহাকে সমসপ্তম কহে) এতদ্ভিন্ন চতুর্থ, দশম কিংবা তৃতীয়, একাদশ হইলে রাজযোটক হয়। ইহাতে বিবাহ দিলে শুভ হয়।

## বিষমসপ্তমকথনম্।

যোটকে সপ্তকে মেষে তুলে যুগ্মহয়ো তথা।
সিংহঘটৌ সদা বর্জ্জ্যৌ মৃতিং তত্রাব্রবীচ্ছিবঃ ॥১১॥

বর ও কন্যার মেষ ও তুলা, মিথুন ও ধনু, সিংহ ও কুম্ভ পরস্পর রাশি হইলে বিষমসপ্তমযোটক হয়, ইহাতে বিবাহ দিলে বরকন্যার মৃত্যু হইয়া থাকে। ইহা শিবের বাক্য। ১১

## দ্বিদ্বাদশনবপঞ্চমকথনম্।

দ্বিদ্বাদশে ধনগৃহে ধনহা চ কন্যা
রিষ্ফে স্থিতা ধনবতী পতিবল্লভা চ।
পুত্রে মৃতাঃ সুতগৃহে সুতহা চ কন্যা
ধর্ম্মে স্থিতা সুতবতী পতিবল্লভা চ ॥১২॥

বরের রাশি হইতে কন্যার রাশি দ্বিতীয় হইলে কন্যা বিত্তনাশিনী, দ্বাদশ হইলে ধননিশিষ্টা ও পতিপ্রিয়া এবং পঞ্চম হইলে পুত্রনাশিনী এবং নবম হইলে পতিপ্রিয়া ও পুত্রবতী হয়। ১২

## অগ্নিদ্বিদ্বাদশকথনম্।

চাপে মৃগে বা ঘটভে চ মীনে,
মেষে বৃষে বা মিথুনে চ কর্কে।

সিংহে যুবত্যাঞ্চ তুলালিযোগে
দ্বিদ্বাদশং চাত্র ধনপ্রহাণিঃ ॥১৩॥

ধনু ও মকর, কুম্ভ ও মীন, মেষ ও বৃষ, মিথুন ও কর্কট, সিংহ ও কন্যা, তুলা ও বৃশ্চিক,—বর এবং কন্যার রাশি হইলে অবিদ্বিদ্বাদশ হয়, ইহাতে বিবাহ হইলে ধনহানি হইয়া থাকে।১৩

যামিত্রশূত্রবেধঃ।

পাপাৎ সপ্তমগঃ শশী যদি ভবেৎ পাপেন যুক্তোঽথবা
যত্নেনাপি বিবর্জ্জয়েন্মুনিগণৈর্দ্দোষোঽপ্যয়ং কথ্যতে।
যাত্রায়াং বিপদো গৃহে সুতবধঃ ক্ষৌরে চ রোগোন্তবো
বৈধব্যং বিবাহে ব্রতে চ মরণং শূলঞ্চ পুংস্কর্ম্মণি ॥১৪॥

চন্দ্র পাপগ্রহের সপ্তমগত হইলে যামিত্রবেধ ও পাপযুক্ত হইলে শূত্রবেধ হয়। ইহাকে যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে, মুনিগণ ইহাকে মহাদোষ কহিয়াছেন। ইহাতে যাত্রা করিলে বিপদ, গৃহারম্ভ ও গৃহপ্রবেশে পুত্রহানি, ক্ষৌরকর্ম্মে রোগ, বিবাহে বিধবা, উপনয়নে মরণ ও পুংসবনে শূলরোগ হয়। ১৪

যামিত্রবেধঃ।

রবিমন্দকুজাক্রান্তং মৃগাঙ্কাৎ সপ্তমং ত্যজেৎ।
বিবাহযাত্রাচূড়াসু গৃহকর্ম্মপ্রবেশনে ॥ ১৫ ॥

কর্ম্মকালীন রাশির সপ্তমে যদি রবি, শনি ও মঙ্গল থাকে, তাহা হইলে যামিত্রবেধ হয়, ইহাতে বিবাহ, যাত্রা, চূড়া, গৃহারম্ভ ও গৃহপ্রবেশ কর্ত্তব্য নহে। ১৫

যামিত্রবেধপ্রতিপ্রসবঃ।

মূলত্রিকোণনিজমন্দিরগোঽথ পূর্ণো
মিত্রর্ক্ষসৌম্যগৃহগোঽথ তদীক্ষিতো বা।
যামিত্রবেধবিহিতানপহৃত্য দোষান্
দোষাকরঃ সুখমনেকবিধং বিধত্তে ॥ ১৬ ॥


চন্দ্র যদি বৃষে বা কর্কটে থাকেন, কিংবা পূর্ণ হন অথবা মিত্রগৃহে ও শুভগ্রহের গৃহে থাকেন, অথবা মিত্র কিংবা শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হন, তবে চন্দ্র যামিত্রবেধদোষ বিনাশ করিয়া সুখদায়ক হন। ১৬

সপ্তশলাকা।

কৃত্তিকাদিচতুঃসপ্তরেখা বাশৌ পরিভ্রমন্।
গ্রহশ্চেদেকরেখাস্থো বেধঃ সপ্তশলাকজঃ ॥
বৈরিঞ্চ্যু চক্রর্ক্ষেঽপ্যেবং শ্রবণাদৌ লিপ্তিকাচতুষ্কে চ।
অভিজিত্তৎস্থে খেচরে বিজ্ঞেয়া রোহিণীবিদ্ধা ॥ ১৭

সপ্তশলাকাচক্র।—উত্তর দক্ষিণে সাত ও পূর্ব্বে পশ্চিমে সাতটী রেখা দিবে; পরে উত্তরদিকের প্রথম রেখা হইতে কৃত্তিকাদি করিয়া অভিজিৎ সহ অষ্টাবিংশতি নক্ষত্র বসাইবে। যে নক্ষত্রে

বিবাহ হইবে তাহাতে কিংবা সেই রেখার সম্মুখবর্ত্তী নক্ষত্রে চন্দ্র



ভিন্ন অন্য কোন গ্রহ থাকিলে সপ্তশলাকা বিদ্ধ হয়। তাহাতে বিবাহ নিষেধ। উত্তরাষাঢ়ার শেষ পঞ্চদশ দণ্ড ও শ্রবণার প্রথম চারিদণ্ড অভিজিৎ হয়, তাহার সহিত রোহিণীর বেধ। বেধের নিয়ম যথা—

কৃত্তিকার সহিত শ্রবণার, রোহিণীর সহিত অভিজিতের এবং মৃগশিরার সহিত উত্তরাষাঢ়ার বেধ ইত্যাদি। ঐরূপ মঘার সহিত ভরণীর, পূর্ব্বফল্গুনীর সহিত অশ্বিনীর বেধ। অর্থাৎ কৃত্তিকা নক্ষত্রে গ্রহ থাকিলে শ্রবণা নক্ষত্রে বিবাহ নিষিদ্ধ। এই রূপ অর্থে কৃত্তিকা নক্ষত্রে বিবাহ নিষেধ না বুঝাইলেও উভয় নক্ষত্র বিদ্ধ হয়, এই অর্থে অনেকে [illegible] উক্ত নক্ষত্রই বর্জ্জনীয়।

সপ্তশলাকাবেধদোষঃ।

যস্যাঃ শশী সপ্তশলাকবিদ্ধঃ
পাপৈরপাপৈরথবা বিবাহে।
রক্তাংশুকেনৈব তু রোদমানা
শ্মশানভূমিং প্রমদা প্রয়াতি ॥ ১৪ ॥

যে স্ত্রীর বিবাহকালীন চন্দ্র সপ্তশলাকাচক্রে শুভ বা অশুভ যে কোন গ্রহদ্বারা বিদ্ধ হয়, সেই স্ত্রী বিবাহের রক্তবস্ত্র পরিধান করিয়াই স্বামীর শ্মশান ভূমিতে গমন করে। ১৪।

দশযোগভঙ্গঃ।

তিথ্যঙ্গবেদৈকদশোনবিংশ-
ত্রৈকাদশাষ্টাদশবিংশসংখ্যাঃ।
ইষ্টোড়ুনা সূর্য্যযুতোড়ুনা চ
যোগাদমুশ্চেদ্দশযোগভঙ্গঃ॥ ১৯॥

কর্ম্মকালে সূর্য্যযুক্ত নক্ষত্র ও কর্ম্মযোগ্য নক্ষত্র একত্র করিয়া যদি ২৭ এর অধিক হয়, তবে সাতাশ ত্যাগ করিয়া অবশিষ্ট যাহা থাকে তাহাতে যদি পনর, ছয়, চারি, এক, দশ উনিশ, সাতাশ, এগার, আঠার বা কুড়ি সংখ্যা হয়, তাহা হইলে দশযোগভঙ্গ হইয়া থাকে।

কর্ম্মবিশেষে বিদ্ধনক্ষত্রনিষেধঃ।

কর্ণবেধে বিবাহে চ ব্রতে পুংসবনে তথা।
প্রাশনে চাদ্যচূড়ায়াং বিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েৎ॥ ২০॥

কর্ণবেধ, বিবাহ, উপনয়ন, পুংসবন, অন্নপ্রাশন ও চূড়াকরণে দশযোগবিদ্ধ নক্ষত্র বর্জ্জনীয়।২০

বিদ্ধনক্ষত্রপ্রতিপ্রসবঃ।

আদ্যপাদে স্থিতে সূর্য্যে তুরীয়াংশং প্রদূষ্যতি।
দ্বিতীয়স্থে তৃতীয়ন্তু বিপরীতমতোঽন্যথা॥ ২১॥

সূর্য্য নক্ষত্রের প্রথম পাদে থাকিলে কর্ম্মকালীন নক্ষত্রের চতুর্থ পাদ, দ্বিতীয় পাদে থাকিলে তৃতীয় পাদ, তৃতীয় পাদে থাকিলে দ্বিতীয় পাদ ও চতুর্থ পাদে থাকিলে, ঐ দশযোগবিদ্ধ নক্ষত্রের প্রথম বর্জ্জনীয় হয়।

## বিবাহলগ্ননিরূপণম্।

কন্যাতুলাভৃগিমিথুনমথ সাধ্বী শেষেম্বসাধ্বী ধনবর্জ্জিতা চ।
নিন্দ্যোঽপি লগ্নে দ্বিপদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেম্বপি নান্ত্যভাগঃ।
ধনুষি কুলটা নারী তৎপূর্ব্বার্দ্ধে সতীতি জগুর্ব্বলাঃ॥
সপ্তাষ্টান্ত্যবহিঃ শুভৈরুড়ুপতাবেকাদশদ্বিত্রিগে
ক্রূরৈস্ত্র্যায়ষড়ষ্টগৈর্ন তু ভৃগৌ ষষ্ঠে কুজে চাষ্টমে।
দম্পত্যোর্দ্বির্নবাষ্টরাশিরহিতে দারানুকূলে রবৌ
চন্দ্রে চার্ককুজার্কিশুক্রবিযুতে মধ্যেঽথবা পাপয়োঃ॥ ২২

কন্যা, তুলা, মিথুন ও ধনুলগ্নের পূর্ব্বার্দ্ধকাল বিবাহে প্রশস্ত এবং নিন্দ্যলগ্নের দ্বিপদাংশ অর্থাৎ কন্যা, তুলা ও মিথুনের নবাংশ ইষ্ট হয়। যদি লগ্নের সপ্তম, অষ্টম ও দ্বাদশ স্থানে শুভ গ্রহ না থাকে, দ্বিতীয়, তৃতীয়, একাদশ স্থানে চন্দ্র থাকে এবং তৃতীয়, একাদশ ষষ্ঠ ও অষ্টম স্থানে পাপগ্রহ থাকেন, শুক্র ষষ্ঠে ও মঙ্গল অষ্টমে না থাকে, তাহা হইলে সেই লগ্ন প্রশস্ত; এবংচন্দ্র পাপমধ্যগত ও চন্দ্রের সহিত রবি, মঙ্গল, শনি, শুক্রযুক্ত হইলে তাঁহাকে ত্যাগ করিবে। বর ও কন্যার দ্বিতীয়, অষ্টম ও নবম ভিন্ন রাশিতে ও রবিশুদ্ধিতে বিবাহ প্রশস্ত।২২

## সুতহিবুকযোগঃ।

লগ্নে তৎ পঞ্চমে তুর্য্যে নবমে দশমে তথা।
শুকস্তু গুর্ব্বা দোষঘ্নো বিবাহে বর্দ্ধতে সুখম্॥ ২৩

বিবাহলগ্নে কিম্বা ঐ লগ্নের চতুর্থ, পঞ্চম, নবম ও দশম ইহাদের যেকোন স্থানে বৃহস্পতি কিম্বা শুক্র থাকিলে সুতহিবুকযোগ হয়। ইহাতে লগ্নের গ্রহসংস্থানজনিত সমস্ত দোষ নাশ ও সুখবৃদ্ধি হয়।

## গোধূলিকথনম্।

সন্ধ্যাতপাকলিতপশ্চিমদিগ্বিভাগে
ব্যোম্নি স্ফুরদ্বিমলতারকসন্নিবেশে।
রুদ্ধে গবাং খুরপুটোদগলিতৈ রজোভি
র্গোধূলিরেষ কথিতো ভৃগুজেন যোগঃ॥

গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়ো নারীবিবাহাদিকে
হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্বরে।
গ্রীষ্মেহর্দ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌ গতে দৃশ্যতাম্
সূর্য্যে চাস্তমুপাগতে চ শুভদাং বর্ষাশরৎকালয়োঃ॥

লগ্নং যদা নাস্তি বিশুদ্ধমন্যৎ
গোধূলিকা তত্র শুভং দদাতি
লগ্নে বিশুদ্ধে সতি বীর্য্যযুক্তে
গোধূলিকা নৈব শুভং দদাতি॥
নাস্মিন্ গ্রহা ন তিথয়ো ন চ নিষ্টিবারাঃ
ঋক্ষাণি নৈব জনয়ন্তি কদাপি বিঘ্নম্॥
অব্যাহতং সততমেব বিবাহকার্য্যে
যাত্রাসু চায়মুদিতো ভৃগুজেন যোগঃ॥ ২৪

যে সময় পশ্চিম দিক্ ঈষৎ রক্তবর্ণ ধারণ করে এবং গো পাদোত্থিত ধূলিতে আচ্ছন্ন, আকাশে দুই একটা তারকা দেখিতে পাওয়া যায়— ভৃগুনন্দন সেই সময়ের নাম গোধূলি কহিয়াছেন। মুনিগণ বলেন—বিবাহাদি কার্য্যে গোধূলি তিন প্রকার—হেমন্ত ও শিশিরকালে সূর্য্য বিলষ্টকিরণজাল হইয়া গোলাকৃতি দৃষ্টিগোচর হইলে,

বসন্ত সময়ে সূর্য্য অদৃশ্য হইলে, গ্রীষ্মকালে অর্দ্ধাস্তমিত হইলে এবং বর্ষা ও শরৎকালে সূর্য্য অস্তাচলে গমন করিলে অদৃশ্য হইলে গোধূলি হয়। যে সময় বিশুদ্ধ লগ্ন পাওয়া যায় না, সেই সময় গোধূলি শুভ ফল দেয়, অন্যথা অশুভ। গোধূলিতে গ্রহ, নক্ষত্র, বার, তিথি, বিষ্টিভদ্রা ইত্যাদি সকলে কদাপি বিঘ্ন করে না; আর বিবাহাদি কার্য্যে নিরন্তর অব্যাহত শুভ প্রদান করে; ইহা ভৃগুনন্দন কহিয়াছেন।২৪।

গোধূলিনিষিদ্ধমাসঃ।

মার্গশীর্ষে তথা মাঘে গোধূলিঃ প্রাণনাশিকা।
অন্যেষু শুভদো যোগো বিবাহে গমনে তথা॥
মার্গে গোধূলিযোগে প্রভবতি বিধবা মাঘমাসে তথৈব
পুত্রায়ুর্দ্ধনযৌবনেন সহিতা কুম্ভে স্থিতে ভাস্করে।
বৈশাখে সুখদা সদা ধনবতী জ্যৈষ্ঠে তথা মানদা
আষাঢ়ে ধনধান্যপুত্রবহুলা পাণিগ্রহে কন্যকা॥ ২৫

অগ্রহায়ণ ও মাঘমাসে গোধূলিতে বিবাহ হইলে কন্যা বিধবা হয়, ফাল্গুনমাসে পুত্র, আয়ু ও ধনবর্দ্ধিনী, বৈশাখমাসে সৌভাগ্যবর্দ্ধিনী ও ধনবতী, জ্যৈষ্ঠমাসে মানদাত্রী,আষাঢ় মাসে ধনধান্যযুক্তা ও বহুপুত্রা হয়। শনিবার ও বৃহস্পতিবারের দিবাদণ্ডে গোধূলি নিষিদ্ধ।২৫।

দিবাবিবাহনিষেধঃ।

বিবাহে তু দিবাভাগে কন্যা স্যাৎ পুত্রবর্জ্জিতা।
বিরহানলদগ্ধা স্যাৎ নিয়তং স্বামিঘাতিনী॥ ২৬॥

দিবাভাগে বিবাহ হইলে কন্যা পুত্রবর্জ্জিতা, বিরহানলদগ্ধা এবং স্বামিঘাতিনী হয়। ২৬

ব্রাহ্মোদৈবস্তথৈবার্ষঃ প্রাজাপত্যস্তথাসুরঃ।
গান্ধর্ব্বো রাক্ষসশ্চৈব পৈশাচশ্চাষ্টমোঽধমঃ ॥ ২৭ ॥

অনু। বিবাহ আটপ্রকার—ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস এবং পৈশাচ। এই আটপ্রকার বিবাহের মধ্যে পৈশাচ বিবাহই অধম ॥ ২৭

ব্রাহ্মোবিবাহ আহূয় দীয়তে শক্ত্যলঙ্কৃতা।
তজ্জঃ পুণাত্যুভয়তঃ পুরুষানেকবিংশতিম্ ॥
যজ্ঞস্থায়ার্ত্বিজে দৈব আদায়ার্ষস্তু গোযুগম্।
চতুর্দ্দশ প্রথমজঃ পুণাত্যুত্তরজশ্চ ষট্ ॥
ইত্যুক্ত্বা চরতাং ধর্ম্মং সহ যা দীয়তেঽর্থিনে।
স কায়ঃ পাবয়েত্তজ্জঃ ষড়্ বংশ্যাংশ্চ সহাত্মনা ॥
আসুরো দ্রবিণাদানাদ্গান্ধর্ব্বঃ সময়ান্মিথঃ।
রাক্ষসো যুদ্ধহরণাৎ পৈশাচঃ কন্যকাচ্ছলাৎ ॥ ২৮॥

বরকে আহ্বান পূর্ব্বক কন্যা যথাশক্তি অলঙ্কৃতা করিয়া দান করিলে তাহাকে ব্রাহ্মবিবাহ বলা যায়, সেই স্ত্রীতে উৎপন্ন সন্তান উর্দ্ধতন দশ পুরুষ, অধস্তন দশপুরুষ এবং উৎপন্নব্যক্তি এই একবিংশতি পুরুষকে পাপও নরক হইতে উদ্ধার করে। যজ্ঞস্থ ঋত্বিককে কন্যা দান করিলে ঐ বিবাহকে দৈববিবাহ বলা যায়। বর হইতে গোদ্বয় গ্রহণ পূর্ব্বক কন্যাদান করিলে সেই বিবাহকে আর্ষ বলে। দৈববিধানে বিবাহিতা কন্যাতে উৎপন্নসন্তান চতুর্দ্দশ

পুরুষ উদ্ধার করে ; আর আর্ষবিবাহিতার সন্তান ছয়পুরুষ উদ্ধার করিয়া থাকে। "তোমার সহিত এইকন্যা ধর্ম্ম আচরণ করুন অথবা তুমি এই কন্যার সহিত ধর্ম্ম আচরণ কর" এইকথা বলিয়া কন্যাদান করিলে ঐ বিবাহকে কায় (প্রাজাপত্য) বলা যায়, উক্ত বিধানে বিবাহিতা কন্যাতে উৎপন্ন সন্তান নিজের সহিত ছয়পুরুষ উদ্ধার করিয়া থাকে। ধন গ্রহণপূর্ব্বক কন্যাদান করিলে সেই বিবাহকে আসুর বলে। পরস্পর প্রতিজ্ঞা দ্বারা যে বিবাহ হয়, তাহাকে গান্ধর্ব্ব বিবাহ বলা যায়। যুদ্ধপূর্ব্বক হরণানন্তর বিবাহ-করিলে তাহাকে রাক্ষস বিবাহ বলে। ছলপূর্ব্বক কন্যা হরণানন্তর বিবাহ করিলে তাহার নাম পৈশাচ বিবাহ। ২৮

তুলাপুরুষদানে চ তথা চ হাটকাচলে।
কন্যাদানে বৃষোৎসর্গে কীর্ত্তয়েৎ প্রবরাদিকম্ ॥ ২৯ ॥

তুলাপুরুষদানে, হাটকাচলে, কন্যাদানে এবং বৃষোৎসর্গে প্রবর উল্লেখ করিবে। ২৯

রাহুদর্শনসংক্রান্তিবিবাহাত্যয়বৃদ্ধিষু।
স্নানদানাদিকং কুর্য্যান্নিশি কাম্যব্রতেষু চ ॥ ৩০ ॥

গ্রহণ, সংক্রান্তি, বিবাহ, মরণ, বৃদ্ধিনিমিত্তে এবং কাম্যব্রতে রাত্রিতে স্নানদানাদি করিতে পারিবে। ৩০

আব্দিকে পিতৃকৃত্যে চ মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ ॥ ৩১ ॥

আব্দিকশ্রাদ্ধে মুখ্যচান্দ্র ও পিতৃকৃত্যে গৌণচান্দ্র উল্লেখ করিবে। এবং বিবাহাদিতে সৌরমাস ও যজ্ঞাদিতে সাবনমাস উল্লেখ করিবে। ৩১

ব্রতযজ্ঞবিবাহেষু শ্রাদ্ধে হোমেঽর্চ্চনে জপে
আরব্ধে সূতকং নস্যাদনারব্ধে তু সূতকম্॥
আরম্ভোবরণং যজ্ঞে সঙ্কল্পো ব্রতজাপয়োঃ।
নান্দিশ্রাদ্ধং বিবাহাদৌ শ্রাদ্ধে পাকপরিক্রিয়া॥ ৩২॥

ব্রত, যজ্ঞ, বিবাহ, শ্রাদ্ধ, হোম, পূজা এবং জপ প্রভৃতি কর্ম্ম আরম্ভ হইলে অশৌচ প্রতিবন্ধক হয়না (কার্য্যারম্ভে অশৌচ হইলে অশৌচের জন্য কার্য্য বাদ হয়না)। যজ্ঞে বরণ, ব্রত জপাদিতে সঙ্কল্প, ও বিবাহাদিতে নান্দিমুখশ্রাদ্ধ হইলেই কার্য্য আরম্ভ হয়।৩২

পিতাদদ্যাৎ স্বয়ং কন্যাং ভ্রাতা বানুমতঃ পিতুঃ।
মাতামহো মাতুলশ্চ সকুল্যো বান্ধবস্তথা॥
মাতাত্বভাবে সর্ব্বেষাং প্রকৃতৌ যদি বর্ত্ততে।
তস্যামপ্রকৃতিস্থায়াং কন্যাং দদ্যুঃ স্বজাতয়ঃ॥৩৩॥

পিতা স্বয়ং কন্যাদান করিবেন, পিতার অনুমতি ক্রমে ভ্রাতা ও দান করিতে পারে। মাতামহ, মাতুল, সকুল্য ও বান্ধব (পিতামহ) প্রভৃতি ও কন্যাদানের অধিকারী ঐ সকলের অভাবে মাতা যদি প্রকৃতিস্থা হয়েন তবে তিনি ও কন্যাদান করিতে পারিবেন। আর মাতা প্রকৃতিস্থা না হইলে মাতামহসকুল্য কন্যাদানের অধিকারী হইবেন।৩৩

সর্ব্বত্র প্রাঙ্‌মুখো দাতা গ্রহীতা চ উদঙ্‌মুখঃ।
এষ দানবিধির্দৃষ্টো বিবাহে তু ব্যতিক্রমঃ॥ ২৯॥

দাতা পূর্ব্বমুখ হইয়া দান করিবে, গ্রহীতা উত্তর মুখ হইয়া গ্রহণ করিবে। কিন্তু বিবাহে ইঁহার ব্যতিক্রম হইবে, (অর্থাৎ দাতা উত্তর মুখ হইয়া দান করিবে, গৃহীতা পূর্ব্বমুখ হইয়া গ্রহণ করিবে)।৩৪

প্রাঙ্মুখায়াভিরূপায় বরায় শুচিসন্নিধৌ।
দদ্যাৎ প্রত্যঙ্মুখঃ কন্যাং ক্ষণে লক্ষণসংযুতে ॥ ৩৫ ॥

এই বচনে উক্ত হইয়াছে যে পূর্ব্বমুখ বরকে দাতা পশ্চিম মুখ হইয়া কন্যাদান করিবে, কিন্তু "বিবাহে চ ব্যতিক্রমঃ" এই বচন দ্বারায় কন্যাদাতা উত্তর মুখ বুঝায় তবে পশ্চিম মুখ বলিয়া যে প্রমান ধরিয়াছেন উহা কেবল বরণ কালে অন্যত্র না।

বরণ এব দাতুঃ প্রত্যঙ্মুখত্বং ন কন্যাদানে তু ইতি।

বরণেই কন্যাদাতা পশ্চিম মুখ হইয়া বরণ করিবে, দানের সময় নহে। ৩৫

বলিকর্ম্মণি যাত্রায়াং প্রবেশে নববেশ্মনঃ।
মহোৎসবে চ মাঙ্গল্যে তত্র স্ত্রীণাং ধ্বনিঃ শুভঃ ॥ ৩৬ ॥

( হুলুধ্বনিঃ )।

বলি, যাত্রা, নূতন গৃহপ্রবেশ, মহোৎসব, ও মঙ্গল জনক কর্ম্মে স্ত্রীলোকের হুলুধ্বনি শুভ। ৩৬

আসনে শয়নে দানে ভোজনে বস্ত্রসংগ্রহে।
বিবাদে চ বিবাহে চ ক্ষুতং সপ্তসু শোভনম্ ॥ ৩৭ ॥

আসনগ্রহণে, শয়নে, দানে বস্ত্রগ্রহণকালে, বিবাদে ও বিবাহে এই সপ্তকার্য্যে হাঁচি শুভদায়ক। ৩৭

অপ্রজায়ান্তু কন্যায়াং নাশ্নীয়াৎ তস্য বৈ গৃহে।
ব্রাহ্মদেয়াঃ বিশেষেণ নৈব ভোজ্যং সদৈব তু ॥ ৩৮ ॥

যে পর্য্যন্ত কন্যার পুত্রনাজন্মে সে পর্য্যন্ত কন্যার গৃহে ভোজন করিবে না, ব্রাহ্ম বিধানে কন্যাদান করিলে তাহার গৃহে কখনও ভোজন করিবে না। ৩৮

# দ্বিরাগমনম্

বৃত্তে পাণিগ্রহে গেহাৎ পিতুঃ পতিগৃহং প্রতি।
পুনরাগমনং বধ্বাস্তদ্দ্বিরাগমনং বিদুঃ ॥ ১ ॥

বিবাহ হইলে পর পিতৃগৃহ হইতে পুনর্ব্বার স্বামীর ভবনে গমন তাহার নাম দ্বিরাগমন। ১।

শ্বশ্রূং হন্ত্যষ্টমে বর্ষে শ্বশুরঞ্চ দশাব্দিকে।
সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে পতিং হন্তি দ্বিরাগমে ॥ ২ ॥

অষ্টম বর্ষে দ্বিরাগমনে শাশুড়ীর মৃত্যু ও দশম বর্ষে শ্বশুরের, দ্বাদশ বর্ষে পতির মৃত্যু হইয়া থাকে। ২।

বিবাহমাসি প্রথমং বধ্বা নাগমনং যদি।
তদা সর্ব্বমিদং চিন্ত্যং যুগাদ্যব্দং বিচক্ষণৈঃ ॥ ৩ ॥

যে মাসে বিবাহ হয়, সেই মাসের মধ্যে যদি বধূ পতিভবনে না যাইয়া থাকে, তাহা হইলে পণ্ডিত গণ কর্ত্তৃক যুগাদি দিবস বিবেচিত হইবে। ৩।

ওজোঽব্দেঽহলিঘটাজগে দিনকরে গুর্ব্বর্কচন্দ্রে শুভে
কন্যামন্মথতৌলিমীনবৃষভে যুক্তেক্ষিতে সদ্গ্রহৈঃ।
দেবাচার্য্যসিতেন্দুসৌম্যদিবসে পক্ষেঽথ কৃষ্ণেতরে
মূলক্ষিপ্রচরধ্রুবে চ মৃদুভে বধ্বাদ্বিতীয়াগমঃ ॥ ৪ ॥

অযুগ্মবর্ষে পৌষ মার্গশীর্ষ, ফাল্গুন ও বৈশাখমাসে, বৃহস্পতি, রবি ও চন্দ্র শুদ্ধ হইলে, কন্যা, মিথুন, তুলা ও মকরলগ্নে,

শুভগ্রহযুক্ত বা শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে, বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে, শুক্লপক্ষে, মূলা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতি, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতী নক্ষত্রে বধূর দ্বিরাগমন প্রশস্ত। ৪।

নাষ্টম্যাং ন চ রিক্তায়াং নাগুবষ্ঠী চ পূর্ণিমা।
দ্বাদশী চাশুভা জ্ঞেয়া দ্বিরাগমনকর্ম্মসু॥ ৫॥

অষ্টমী, রিক্তা (চতুর্থী, নবমী, চতুর্দ্দশী), প্রতিপদ, ষষ্ঠী, পূর্ণিমা ও দ্বাদশীতিথি দ্বিরাগমনে অশুভদাত্রী হয়। ইহা ভিন্ন অন্য তিথি দ্বিরাগমনে প্রশস্ত। ৫।

ভুক্ত্বা পিতৃগৃহে কন্যা ভুঙ্‌ক্তে স্বামিগৃহে যদি।
দৌর্ভাগ্যং জায়তে তস্যাঃ শপন্তি কুলদেবতাঃ॥ ৬॥

কন্যা পিতৃভবনে ভোজন করিয়া যদি স্বামিভবনে ভোজন করে, তাঁহা হইলে ঐ কন্যা দুর্ভাগ্যবতী হয় এবং কুলদেবতাগণ তাঁহাকে অভিসম্পাত করেন। ৬।

আদ্যঋতুবারাদিফলম্।

আদিত্যে বিধবা নারী সোমে চৈব পতিব্রতা।
বেশ্যা মঙ্গলবারে চ বুধে সৌভাগ্যমেব চ॥
বৃহস্পতৌ পতিঃ শ্রীমান্ শুক্রে পুত্রবতী ভবেৎ।
শনৌ বন্ধ্যাং বিজানীয়াৎ প্রথমং স্ত্রী রজস্বলা॥ ১॥

রবিবারে স্ত্রীর প্রথম রজোদর্শন হইলে বিধবা, সোমবারে পতিব্রতা, মঙ্গলবারে বেশ্যা, বুধবারে সৌভাগ্যশালিনী, বৃহস্পতিবারে পতিশ্রীযুক্ত, শুক্রবারে পুত্রবতী ও শনিবারে বন্ধ্যা হয়। ১।

জ্যৈষ্ঠে স্যাদ্বিধবা নারী আষাঢ়ে বন্ধুনাশিনী।
শ্রাবণে চ মৃতাপত্যা ভাদ্রে চ বহুরোগিণী॥
আশ্বিনে চ মৃতাপত্যা কার্ত্তিকে কুলনাশিনী।
মার্গশীর্ষে ধর্ম্মশীলা পৌষে চ রতীবিহ্বলা॥
মাঘে পতিব্রতা নারী ফাল্গুনে বহুপুত্রিণী।
চৈত্রে চ মদনোন্মত্তা বৈশাখে প্রিয়বাদিনী॥ ২॥

জ্যৈষ্ঠমাসে প্রথম রজোদর্শন হইলে সেই নারী বিধবা হয়, এই প্রকার আষাঢ়ে বন্ধুনাশিনী, শ্রাবণে মৃতবৎসা, ভাদ্রে রোগান্বিতা, আশ্বিনে কুলক্ষয়কারিণী, অগ্রহায়ণে ধর্ম্মশীলা, পৌষে মদনোন্মত্তা, মাঘে পতিব্রতা, ফাল্গুনে বহুপুত্রিণী, চৈত্রে কামুকী এবং বৈশাখে প্রিয়বাদিনী হয়। ২।

দ্বিতীয়া পঞ্চমী চৈব তৃতীয়া দশমী তথা।
প্রথমে রজসি স্ত্রীণাং শুভাশ্চান্যেহধমাঃ স্মৃতাঃ॥
অমারিক্তাষ্টমী ষষ্ঠীদ্বাদশীপ্রতিপৎস্বপি॥ ৩॥

দ্বিতীয়া, পঞ্চমী, তৃতীয়া ও দশমীতে প্রথম রজস্বলা হইলে শুভ হয়, ইহা ভিন্ন অমাবস্যা, রিক্তা (চতুর্থী নবমী চতুর্দ্দশী) অষ্টমী, ষষ্ঠী, দ্বাদশী, প্রতিপদে অশুভ হয়। ৩।

পরিঘস্য তু পূর্ব্বার্দ্ধে ব্যতিপাতে চ বৈধৃতৌ।
সন্ধ্যাসূপপ্লবে বিদ্যাদশুভং প্রথমার্ত্তবম্॥ ৪॥

পরিঘ যোগের পূর্ব্বার্দ্ধে, ব্যতিপাতে, বৈধৃতিযোগে সন্ধ্যাকালে ও গ্রহণ সময়ে প্রথম রজোদর্শনে অশুভ হয়। ৪।

পূর্ব্বত্রয়ে যাম্যভুজঙ্গরৌদ্রে
বৈধব্যমস্যা বিদধাতি নূনম্।

মঘে স-শোকাপ্যথ ভে দ্বিতীশে
সা পুষ্যকৌন্দ্রানলভে দরিদ্রা ॥ ৫ ॥

পূর্ব্ব ফল্‌গুণী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী, অশ্লেষা ও আর্দ্রা নক্ষত্রে প্রথম রজোদর্শনে বিধবা হয়, মঘায় শোক পায়, পুনর্ব্বসুতে বন্ধ্যা, জ্যেষ্ঠা ও কৃত্তিকাতে দরিদ্রা হইয়া থাকে। ৫।

## গর্ভাধানম্।

রাম২ দিনং পরিত্যজ্য যাবদ্বহতি শোণিতম্।
তাবন্মেব-ঋতুঃ স্ত্রীণাং রাত্রয়ঃ ষোড়শ স্মৃতাঃ ॥ ১ ॥

স্ত্রীগণের রজোদর্শনাবধি ষোড়শরাত্রির মধ্যে প্রথম তিনদিন ত্যাগ করিয়া ঋতুকাল জানিবে। ১।

প্রথমেঽহনি চাণ্ডালী দ্বিতীয়ে ব্রহ্মঘাতিনী।
তৃতীয়ে রজকী প্রোক্তা চতুর্থেঽহনি শুদ্ধ্যতি ॥২॥

ঋতুমতী রমণী প্রথম দিবস চাণ্ডালিনীসদৃশী, এবং দ্বিতীয় দিনে ব্রহ্মঘাতিনী, তৃতীয়দিনে রজকীবন্যায় অস্পৃশ্যা থাকিয়া চতুর্থ দিনে শুদ্ধ হয়। ২।

ঋতু স্নাতা ভবেন্নারী চতুর্থেঽহনিতদ্দিনাৎ।
আষোড়শদিনাদ্রাজন্নৃতুকাল উদিরিতঃ ॥ ৩ ॥

হে রাজন্। স্ত্রী ঋতুর প্রথম দিবস হইতে চতুর্থ দিবসে স্নান করিয়া বিশুদ্ধা হয়। ঋতুর প্রথম দিন হইতে ষোড়শ দিন পর্য্যন্ত ঋতুর কাল। (উহাই সন্তানোৎপত্তির সময় জানিবে)। ৩।

ঋতু স্নাতা তু কামার্ত্তা মুখং যস্য সমীক্ষতে।
তদাকৃতিঃ সন্ততিঃ স্যাৎ তৎ পশ্যেদ্ভর্ত্তুরাননম্ ॥ ৪ ॥

রমণীগণ ঋতুস্নানান্তে কামে পীড়িতা হইয়া যাহার মুখদর্শন

করে ( সেই ঋতুতে সন্তান হইলে ) তাহার ন্যায় সন্তান হয়, অতএব ঋতু স্নানান্তে অন্যের মুখ না দেখিয়া ভর্ত্তার মুখ দেখিবে। ৪।

যুগ্মাসু পুত্রা জায়ন্তে স্ত্রিয়োযোঽযুগ্মাসু রাত্রিষু।
তস্মাদ্ যুগ্মাসু পুত্রার্থী সংবিশেদার্ত্তবে স্ত্রিয়ম্ ॥ ৫ ॥

স্ত্রীদিগের ঋতুকাল ষোড়শদিবস পর্য্যন্ত তাহার মধ্যে যুগ্মরাত্রিতে ( স্ত্রীগমনে ) পুত্র হয়, এবং অযুগ্ম রাত্রিতে (স্ত্রীগমনে) কন্যাজন্মে অতএব পুত্রার্থী ব্যক্তির যুগ্ম রাত্রিতেই স্ত্রীগমন কর্ত্তব্য।

শুক্রাধিক্যে চ পুরুষো ভবেৎ পৃথ্বীধরাধিপ।
রক্তাধিক্যে ভবেন্নারী তয়োঃ সাম্যে নপুংসকম্ ॥৬॥

হে নৃপেন্দ্র! ( স্ত্রীগমনে ) পুরুষের বীর্য্যাধিক্য হইলে পুরুষ হয়, রমণীগণের রক্তাধিক্য হইলে কন্যা হয়, বীর্য্য ও রক্ত সমান হইলে নপুংসক হইয়া থাকে। ৬।

যুগ্মায়ামপি রাত্রৌ চেৎ শোণিতং প্রচুরং তদা।
কন্যা চ পুংবদ্ ভবতি শুক্রাধিক্যে পুমান্ ভবেৎ ॥৭॥

যুগ্মরাত্রিতে ও যদি স্ত্রীর শোণিত অধিক হয়, তাহা হইলে পুরুষচরিত্রা কন্যাজন্মে এবং পুরুষের শুক্রাধিক্য হইলে পুত্র জন্মিয়া থাকে। ৭।

চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ ॥
স্ত্রীতৈলমাংসসম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিণ্মূত্রভোজনং নাম প্রয়াতি নরকং ধ্রুবম্ ॥ ৮ ॥

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তিকে পর্ব্বদিন কহে। এই দিনে যে ব্যক্তি স্ত্রীসম্ভোগ, তৈলম্রক্ষণ বা মাংস ভোজন করে, সে নিশ্চিতই বিণ্মূত্র ভোজন নামক নরকে গমন

করে - ( উক্ত ষোড়শ দিবসের মধ্যেও এই সমস্ত পর্ব্বদিন বাদ দিয়া স্ত্রী গমন করিবে)। ৮।

এবং গচ্ছন্ স্ত্রিয়ং ক্ষামাং মঘাং মূলাঞ্চ বর্জ্জয়েৎ।
শস্ত ইন্দৌ সকৃৎ পুত্রং লক্ষণ্যং জনয়েৎ পুমান্ ॥১০॥

এইরূপ নিয়মে মঘা ও মূলা নক্ষত্র পরিত্যাগ পূর্ব্বক শুভ চন্দ্রে আহার শাররাদি দ্বারায় ক্ষীণাঙ্গী গমন করিলে সুলক্ষণাক্রান্ত পুত্র জন্মে। ৯।

## গর্ভবত্যালক্ষণম্।

পুত্রগর্ভযুতায়াস্তু নার্য্যা মাসি দ্বিতীয়কে।
গর্ভোগর্ভাশয়ে লক্ষ্যঃ পিণ্ডাকারোঽপরং শৃণু॥
দক্ষিণাক্ষিমহত্বং স্যাৎ প্রাক্ক্ষীরং দক্ষিণ স্তনে।
দক্ষিণোরুঃ সুপুষ্টং স্যাৎ প্রসন্নমুখবর্ণতা॥
ক্ষুন্নামধেয়দ্রব্যেষু স্বপ্নেষ্বপি মনোরথঃ।
আম্রাদি ফলমাপ্নোতি স্বপ্নেষু কমলাদি চ ॥ ১ ॥

পুত্রগর্ভবতীযুক্তা নারীর ( গর্ভের ) দ্বিতীয় মাসে গর্ভপিণ্ডাকার দৃষ্ট হইবে এবং গর্ভবতীর দক্ষিণ চক্ষু প্রশস্ত, দক্ষিণ স্তনে প্রথম দুগ্ধ, দক্ষিণোরু সুপুষ্ট হইবে। এবং মুখের বর্ণনির্ম্মল ও সাধারণ দ্রব্য ভক্ষণে দুঃখিতা হইবে, আর স্বপ্নে যেন আম্রাদি ফল ভক্ষণ করিতেছে এইরূপ দেখিবে। ১।

কন্যাগর্ভবতী গর্ভে পেশীং মাসি দ্বিতীয়কে।
পুত্রগর্ভস্য লিঙ্গানি বিপরীতমপেক্ষতে ॥ ২ ॥

কন্যা গর্ভবত যুক্তা নারীর ( গর্ভের ) দ্বিতীয়মাসে গর্ভ পেশীর ন্যায় দেখা যাইবে এবং পুত্রগর্ভযুক্তা নারীর যে সব লক্ষণ হয়, তাহার বিপরীত লক্ষণ সমস্ত হইবে। ২।